

মার্টিন হাইডেগার

অলোকরঞ্জন দাশগুপ্ত

কবিদের সর্বাগ্রণী দার্শনিক তুমি, তুমিই তো
শিখিয়েছ "মানুষের অস্তিত্বের আবাসন ভাষা"--
একবার অরণ্যপথে ঝড় উঠেছিল সর্বনাশা
তখনই তোমার ওই বীজমস্ত্রে পুনরুজ্জীবিত
হয়ে ফের কাঁপতে থাকি শব্দ আর নৈঃশব্দের ব্রিজে;
এমন সময় যেন আমার দিকেই মুখ রেখে
যেই বললে, "অস্তিত্বের একমাত্র রাখাল তুমিই তো"
তখনই উঠে দাঁড়াই তোমার সাহায্যে, আমি নিজে;
কী যে ভালো লেগে গেল এই বসুন্ধরা সেই থেকে।

তারপর ঘুরেছি কত সংজ্ঞা নির্ণয়ের দুর্বিপাকে--
জীবনানন্দের কাছে সকলেই কবি নয় তবে
কেউ কেউ কবি শুনে কিছুটা হয়েছি সংকুচিত--
তথাপি তোমার কাছে আস্তা পাই প্রত্যেকেই কবি
যদি সে সারাজীবন মেতে থাকে কবিতা উৎসবে;
হোল্ডারলীনের কাছে তুমি এই বীক্ষা শিখেছিলে
এবং তুমি আমার সত্তার শিকড়ে লিখে দিলে!